গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম শাখা

‘পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য উৎকর্ষ পুরস্কার–২০২৬’

নিরাপদ ও শোভন কর্মপরিবেশে পরিবেশবান্ধব প্রযুক্তি ও দক্ষ জনশক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও টেকসই উন্নয়নে অবদানের স্বীকৃতিস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক দেশীয় বিভিন্ন শিল্প সেক্টরের কারখানাসমূহকে ‘পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য উৎকর্ষ পুরস্কার–২০২৬’ প্রদান করা হবে।

এ লক্ষ্যে ২৬টি সেক্টর চিহ্নিত করা হয়েছে– যথা: ১. তৈরি পোশাক (ওভেন), ২. তৈরি পোশাক (নিট), ৩. টেক্সটাইল, ৪. চামড়া শিল্প (ফিনিশড গুডস), ৫. চামড়া শিল্প (ট্যানারি), ৬. ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ, ৭. খাদ্য প্রক্রিয়াজাতকরণ কারখানা (ফুড এন্ড বেভারেজ), ৮. চা শিল্প, ৯. প্লাস্টিক কারখানা, ১০. সিমেন্ট কারখানা, ১১. টাইলস এন্ড সিরামিক ইন্ডাস্ট্রিজ, ১২. ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স পণ্য প্রস্তুতকারক ইন্ডাস্ট্রিজ, ১৩. স্টিল মিল, ১৪. আইটি শিল্প, ১৫. রাইস মিল, ১৬. জুট মিল, ১৭. চিংড়ি শিল্প, ১৮. কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ, ১৯. প্রসাধনী কারখানা, ২০. অটোমোবাইল ইন্ডাস্ট্রিজ, ২১. লাইট ইঞ্জিনিয়ারিং এন্ড মোল্ডিং কারখানা, ২২. এক্সেসরিজ এন্ড ব্যাকওয়ার্ড লিংকেজ কারখানা, ২৩.শিপ বিল্ডিং ইন্ডাস্ট্রিজ, ২৪. শিপ ব্রেকিং ইন্ডাস্ট্রিজ, ২৫. গ্লাস ইন্ডাস্ট্রিজ এবং ২৬. এনার্জি ও পাওয়ার সেক্টর।

আগ্রহী কারখানাসমূহকে আগামী ২০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম নিয়মে (আবেদন ফরমে উল্লিখিত) পূরণপূর্বক আবেদনের হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর (কক্ষ নং–৪৩০, ভবন নং–০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এবং সফট কপি ই-মেইলে (section 5mole@gmail.com/dslabour@mole.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়া, সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্য এবং সহযোগিতার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (mole.gov.bd) এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েবসাইট (dife.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

(মোহাম্মদ সাইদুর রহমান)
উপসচিব
মোবাইল– ০১৭১২–২৩০৯৫০
ফোন–০২–৪৭১১৯৫৪৪

ডিজি–২০৪১/২৬ (৯″×৩ক)